ফরম-ক

[ধারা ৪ এর (১) নং উপধারা দ্রষ্টব্য]

এলএ কেস নম্বর-০২/২০২০-২১

জারির নম্বর: ০৪ (৮) তারিখ: ১২/০৮/২০২০ খ্রিস্টাব্দ।

# নোটিশ

প্রাপক: ১. জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা এঁর নোটিশ বোর্ড;
২. মেয়র, চুয়াডাঙ্গা পৌরসভা, চুয়াডাঙ্গা এঁর নোটিশ বোর্ড;
৩. উপজেলা নির্বাহী অফিসার, চুয়াডাঙ্গা সদর (নোটিশটি তাঁর কার্যালয়ের ওয়েবসাইট-এ প্রদর্শনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো);
৪. উপজেলা ভূমি অফিস, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গার নোটিশ বোর্ড;
৫. প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, জেলা কার্যালয়, চুয়াডাঙ্গা (নোটিশটি এ কার্যালয়ের ওয়েবসাইট-এ প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো);
৬. পৌর ভূমি অফিস, চুয়াডাঙ্গা সদর, চুয়াডাঙ্গার নোটিশ বোর্ড;
৭. উদ্যোক্তা, চুয়াডাঙ্গা পৌর তথ্য সেবা কেন্দ্র, চুয়াডাঙ্গা সদর (নোটিশটি পৌর তথ্য কেন্দ্রের ওয়েবসাইট-এ প্রদর্শনের জন্য অনুরোধ করা হলো);
৮. প্রকাশ্য স্থানে জারির জন্য।

যেহেতু নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তি চুয়াডাঙ্গা জেলার চুয়াডাঙ্গা সদর উপজেলায় জেলা রেজিস্ট্রি ও সদর সাবরেজিস্ট্রি অফিস ভবন নির্মাণের জন্য জনপ্রয়োজন এবং জনস্বার্থমূলক উদ্দেশ্যে প্রয়োজন, সেহেতু এক্ষণে স্থাবর সম্পত্তি অধিগ্রহণ ও হুকুম দখল আইন, ২০১৭ (২০১৭ সনের ২১ নম্বর আইন) এর ৪ ধারায় অধীনে এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য নোটিশ জারি করা হইল যে, বর্ণিত সম্পত্তি সরকার কর্তৃক অধিগ্রহণের প্রস্তাব করা হইয়াছে।

উক্ত সম্পত্তিতে স্বার্থবান যে কোন ব্যক্তি এই নোটিশ জারির পরবর্তী ১৫ (পনের) দিনের মধ্যে প্রস্তাবিত সম্পত্তির অধিগ্রহণের বিরুদ্ধে নিম্নস্বাক্ষরকারীর নিকট আপত্তি (যদি থাকে) দায়ের করিতে পারিবেন।

১৯.০৮.২০২০ খ্রিস্টাব্দ তারিখে বা তারিখ হইতে তফসিল বর্ণিত সম্পত্তি যৌথ তদন্ত হইবে। যৌথ তদন্তকালে উক্ত সম্পত্তির মালিক বা স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিকে উপস্থিত থাকিবার জন্য অনুরোধ করা হইলো।

"প্রস্তাবিত জমির তফসিল (আরএস রেকর্ড মোতাবেক)"

জেলা: চুয়াডাঙ্গা উপজেলা: চুয়াডাঙ্গা সদর মৌজা: নুরনগর জেএল নম্বর: ৪১

| ক্রমিক নম্বর | খতিয়ান নম্বর | দাগ নম্বর | জমির শ্রেণি | দাগে মোট জমির পরিমাণ (একর) | অধিগ্রহণ প্রস্তাবিত জমির পরিমাণ (একর) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | ৪১৮ | ১৭৪৮ | ধানী | ০.০৭০০ | ০.০৫৪৭ | আংশিক |
| ২. | ৪৪৯ | ১৭৫০ | ধানী | ০.৪২৭০ | ০.৩৮১৭ | আংশিক |
| ৩. | ৫৪৪ | ১৭৫০/১৭৭৬ | ধানী | ০.০৬৩৬ | ০.০৬৩৬ | পূর্ণ |
| অধিগ্রহণ প্রস্তাবিত মোট জমির পরিমাণ: | | | | | ০.৫০০০ | — |

**অধিগ্রহণকৃত জমির ভূমি মালিক/স্বার্থ সংশ্লিষ্ট ব্যক্তিগণের জন্য জ্ঞাতব্য:**

১। উল্লিখিত জমির বাস্তব অবস্থা, স্থাপনা, অবকাঠামো ইত্যাদির ভিডিও/সরেজমিন তদন্ত করে মালিকানা/দখল ইত্যাদি তথ্য সম্বলিত যৌথ তদন্ত বহি প্রস্তুত করা হইবে। নির্ধারিত সময়ে উক্ত তদন্তকালে স্বয়ং বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধি মারফত কাগজপত্র ও দলিলাদিসহ (সার্টিফাইড/মূলকপি) উপস্থিত থাকুন এবং সঠিক তথ্য প্রদান করুন।

২। প্রাপ্ত তথ্যের ভিত্তিতে যৌথ তদন্ত তালিকা প্রস্তুতপূর্বক উহা প্রস্তাবিত অধিগ্রহণ এলাকার সুবিধাজনক স্থানে এবং নিকটস্থ ভূমি অফিসে লটকাইয়া দেওয়া হইবে। উহা দেখিয়া আপনি আপত্তি দিতে পারিবেন। আপনার নাম রেকর্ড হালনাগাদ/নামজারী না হইয়া থাকিলে, অবিলম্বে হালকরণপূর্বক বকেয়া ভূমি উন্নয়ন কর পরিশোধ করিয়া দাখিলা/মওকুফ দাখিলা সংগ্রহ করুন। ইহা ক্ষতিপূরণ প্রাপ্তির স্বপক্ষে আপনার মালিকানা প্রমাণে সহায়ক হইবে।

৩। অবৈধভাবে লাভবান হওয়ার উদ্দেশ্যে জমির শ্রেণি পরিবর্তন, অবকাঠামো নির্মাণ করিবেন না। এরূপ পরিবর্তন বা অবকাঠামো পরিবর্তন লিপিবদ্ধ করা হইবে না এবং আপনি ইহার জন্য কোন ক্ষতিপূরণ প্রাপ্য হইবেন না।

৪। সকল ক্ষেত্রে নিজে বা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির মাধ্যমে সরাসরি আবেদন করুন। ক্ষমতা প্রদানের জন্য নির্ধারিত ফরম ব্যবহার করুন। অনলাইনে আবেদন, ফরম ও পদ্ধতি জানার জন্য এ কার্যালয়ের ওয়েব সাইট www.chuadanga.gov.bd ভিজিট করুন।

১২/০৮/২০২০

১২/০৮/২০২০
মোহাঃ আবদুস সামাদ
কানুনগো
এল, এ শাখা
জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা

১২/০৮/২০২০
(শিবানী সরকার)
ভূমি অধিগ্রহণ কর্মকর্তা
চুয়াডাঙ্গা